


মুগাত্য

চাবি ক-ইউনিটের ফল স্থগিত

দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবি শিক্ষকদের

প্রকাশ : ২২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



চাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (চাবি) বিজ্ঞান অনুষদভুক্ত ক-ইউনিটের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফলের ক্রটির ঘটনায় দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবি জানিয়েছেন বিএনপিপছী শিক্ষকরা। এ ঘটনায় বিশ্বয় ও ক্ষেত্র প্রকাশ করে সাদা দলের পক্ষ থেকে সোমবার দেয়া এক বিবৃতিতে এ দাবি জানানো হয়।

ভর্তি পরীক্ষার কার্যক্রম পরিচালনার সঙ্গে সংশ্লিষ্টদের দায়িত্বহীনতার কারণেই এমনটি হয়েছে বলে মত দেন সাদা দলের শিক্ষকরা। সংশ্লিষ্টদের কারণেই রোববার ফলাফল প্রকাশের পর তা স্থগিত করতে হয়েছে। সাদা দলের আহ্বায়ক অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলামের পাঠানো এক বিবৃতিতে এসব কথা বলা হয়।

বিবৃতিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি হতে পারা দেশের প্রত্যেক শিক্ষার্থীর কাছে পরম আকাঙ্ক্ষিত বিষয়। এ কারণেই এই বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া তীব্র প্রতিযোগিতামূলক। কারও গাফিলতি ও দায়িত্বহীনতার কারণে কোনো শিক্ষার্থীর স্বপ্ন ভুলগঠিত হোক- এটি কোনোভাবেই কাম্য নয়। আরও বলা হয়, সুতু ও স্বচ্ছ ভর্তি পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়ের দীর্ঘদিনের ঐতিহ্য। কিন্তু আজ এ ভর্তি পরীক্ষার স্বচ্ছতা সম্পর্কে প্রশ্ন উঠছে। ইতিপূর্বে টানা তিন বছর ঘ-ইউনিটের প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেছে। অবৈধ ও অনিয়মতান্ত্রিক প্রক্রিয়ায় বিজনেস স্টাডিজ অনুষদের ব্যাংকিং অ্যাস্ট ইন্সিয়ুরেন্স বিভাগের অধীনে পরিচালিত ‘মাস্টার্স অব ট্যাক্স ম্যানেজমেন্ট প্রোগ্রাম’-এ ৩৪ শিক্ষার্থীকে ভর্তি করা হয়েছে। এর মধ্যেই ক-ইউনিটের প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তির পরীক্ষার ফলাফলে এ ভুল কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএআর : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।